# ফেনী-১ আসনে বেগম খালেদা জিয়ার মনোনয়ন কার্যক্রম স্থগিত



সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ফেনী-১ আসন থেকে বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মনোনয়ন প্রক্রিয়া সাময়িকভাবে স্থগিত করা হয়েছে। মৃত্যুবরণ করায় তার পক্ষে জমা দেওয়া মনোনয়নসংক্রান্ত সব কার্যক্রম আপাতত স্থগিত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

রোববার (৪ জানুয়ারি) সকালে ফেনী জেলা রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে মনোনয়নপত্র যাচাই-বাছাই শেষে এ তথ্য নিশ্চিত করেন জেলা প্রশাসক ও রিটার্নিং কর্মকর্তা মনিরা হক। তিনি জানান, প্রার্থীর মৃত্যুজনিত কারণে নির্বাচন কমিশনের বিধিমালা অনুযায়ী মনোনয়ন যাচাই প্রক্রিয়া আর এগিয়ে নেওয়া সম্ভব নয়।

বিএনপির পক্ষ থেকে জানানো হয়, খালেদা জিয়া ফেনী-১ (পরশুরাম, ফুলগাজী ও ছাগলনাইয়া) আসনের জন্য মনোনয়নপত্র সংগ্রহ করেছিলেন। তবে তার মৃত্যুর পর ওই আসনে দলীয় সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী করণীয় নির্ধারণ করা হবে।

রাজনৈতিক জীবনে বেগম খালেদা জিয়া ফেনী-১ আসন থেকে মোট পাঁচবার জাতীয় সংসদ নির্বাচনে অংশ নেন। প্রতিবারই তিনি বিপুল ভোটে নির্বাচিত হয়ে আসনটিকে বিএনপির শক্ত ঘাঁটি হিসেবে প্রতিষ্ঠিত করেন। স্থানীয় নেতাকর্মীদের মতে, এই আসনের সঙ্গে তার রাজনৈতিক ও আবেগী সম্পর্ক দীর্ঘদিনের।

প্রসঙ্গত, গত ৩০ ডিসেম্বর ভোর ৬টায় রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন বেগম খালেদা জিয়া। এর আগে ২৩ নভেম্বর থেকে তিনি গুরুতর অসুস্থ অবস্থায় হাসপাতালে ভর্তি ছিলেন। দীর্ঘ রাজনৈতিক জীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা এই নেত্রীর বয়স হয়েছিল ৮০ বছর।

খালেদা জিয়ার মৃত্যুতে দেশের রাজনৈতিক অঙ্গনে শোকের আবহ বিরাজ করছে। একই সঙ্গে ফেনী-১ আসনে নির্বাচন ঘিরে নতুন রাজনৈতিক হিসাব-নিকাশ শুরু হয়েছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।